

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১৭৫৮

খোয়াই, ৯ নভেম্বর, ২০২৪

খোয়াই জেলাভিত্তিক যুব উৎসব

খোয়াই নতুন টাউনহলে গতকাল দু'দিনব্যাপী খোয়াই জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন হয়েছে। বিধায়ক পিনাকী দাস চৌধুরী যুব উৎসবের উদ্বোধন করেন। যুব উৎসবের উদ্বোধন করে বিধায়ক বলেন, যুব উৎসব হল যুবাদের মিলন মেলা ও মিলন ক্ষেত্র। আমাদের যুব সমাজকে দেশ গঠনে স্বামী বিবেকানন্দের আদর্শে অনুপ্রাণিত হয়ে কাজ করতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চগয়েত সমিতির চেয়ারম্যান টিঙ্কু ভট্টাচার্য, সমাজসেবী সুরত মজুমদার, অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পাণ্ডে, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, জেলা ক্রীড়া আধিকারিক কমলেন্দু শীল প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশিস নাথ শর্মা। যুব উৎসবে জেলার বিভিন্ন ব্লকের ১৫০ জন প্রতিযোগী অংশ নিয়েছেন।

\*\*\*\*\*